

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, আলমপুর, সিলেট
বিভাগীয় সদর দপ্তর, ভবন নং-০২ (৩য় তলা)।
Web:bkkb.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর ০৫.৮১.৬০০০.০০১.০৩.০১৫.১৭-৪০৩

তারিখ : ২৪ অগ্রহায়ণ, ১৪৩১
০৯ ডিসেম্বর, ২০২৪


দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয় কর্তৃক পরিচালিত গভঃ স্টাফবাস নং- ঢাকা মেট্রো-স-১৪-০১৩৭ ডেন্টিং ও পেইন্টিং করার বিষয়ে Request For Quotation (RFQ) পদ্ধতিতে সেবা গ্রহণের নিমিত্ত সেবা প্রদানকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে দরপত্র/প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	বাসের সংখ্যা	বিবরণ
০১	০১ (এক)টি	৩১ আসন বিশিষ্ট মিনিবাস। বাসের উপর-নিচ ও চারপাশে ডেন্টিং-পেইন্টিং করতে হবে। বাসের বর্তমান রং দিতে হবে। দুইপাশে বর্তমানে যে লেখা আছে সেইভাবে নতুন করে লিখতে হবে। এবং অন্যান্য।

শর্তাবলী/নিয়মাবলী (আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তাবলী/নিয়মাবলী অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে)।

- ডেন্টিং-পেইন্টিং এর সময়/মেয়াদ উল্লেখ থাকতে হবে।
- বাসটি কোথায় ডেন্টিং-পেইন্টিং করা হবে তা উল্লেখ করতে হবে।
- অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী প্রতিষ্ঠানের নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণপূর্বক আগামী ১৭/১২/২০২৪খ্রি. তারিখ দুপুর ১:০০ টার মধ্যে সীল মোহরকৃত খামে কোটেশনসহ হালনাগাদ ড্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদপত্র ও শনাক্তকরণ নম্বর (TIN), ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেটে রক্ষিত বাক্সে অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে দরপত্র/ প্রস্তাব দাখিল করতে হবে।
- দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে।
- দরপত্রের মোট মূল্য হতে ১৫% ভ্যাট এবং ৫% আয়কর কর্তনপূর্বক নীট টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে একাউন্টপেয়ী চেক ইস্যু বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে ইএফটির মাধ্যমে পরিশোধ করা হবে।
- যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন (সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে) এবং কর্তৃপক্ষ যে কোনো শর্তাবলী পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।


০২/১২/২০২৪
(সৈয়দ রিয়াজুল ইসলাম)
পরিচালক (চ.দা.)
ফোন: ০২৯৯৬৬৪৩৪৪৭

directorsyl@bkkb.gov.bd

বিতরণ:

- ১। নোটিশ বোর্ড, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ২। নোটিশ বোর্ড, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৩। নোটিশ বোর্ড, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট।
- ৪। নোটিশ বোর্ড, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ৫। অফিস কপি